# প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্নগুলি

## এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস (NYC Test & Trace Corps) কর্মসূচির সারসংক্ষেপ

### NYC Test & Trace Corps কী?

COVID-19 এর বিরুদ্ধে লড়াই করার লক্ষ্যে জনস্বাস্থ্য সংক্রান্ত একটি উদ্যোগ। বিনামূল্যে সংস্থান এবং উদ্যোগের মাধ্যমে, NYC Test & Trace Corps COVID-19 মহামারী নিয়ন্ত্রণ এবং আমাদের শহরকে রক্ষা করার লক্ষ্য স্থির করেছে। জুন 1, 2020-এ আনুষ্ঠানিকভাবে চালু হওয়া, NYC Test & Trace Corps হল একদল চিকিৎসক, জনস্বাস্থ্য পেশাজীবী, এবং কমিউনিটি এডভোকেট যারা COVID-19 মোকাবেলায় কাজ করছেন যাতে আমরা সবাই স্কুলে, কর্মক্ষেত্রে ফিরে যেতে পারি, এবং শহরকে নিরাপদে পুনরায় সচল করতে সহায়তা করতে পারি।

কর্পসের (Corps) কাজ ডিপার্টমেন্ট অব হেলথ এন্ড মেন্টাল হাইজিন (Department of Health and Mental Hygiene) এবং সিটির অন্যান্য এজেন্সির নিবিড় সহযোগিতায় NYC Health + Hospitals-এর নেতৃত্বে পরিচালিত হয়।

### টেস্ট এন্ড ট্রেস কর্পস (Test & Trace Corps) এর লক্ষ্য কী?

কর্পসের (Corps) লক্ষ্য হলো ভাইরাস ছড়ানো হ্রাস করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের নিরাপদে রাখা এবং সুনিশ্চিতভাবে COVID-19 রোগে আক্রান্ত ব্যক্তিদের অন্যদের থেকে আলাদা করা এবং তাদের প্রিয়জনদের রক্ষা করা। কর্পসের কাজের তিনটি প্রধান উপাদান রয়েছে:

**পরীক্ষা**

বিনামূল্যে, গোপনীয় এবং নিরাপদ COVID-19 পরীক্ষা সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য পুরো শহর জুড়ে শত শত পরীক্ষার স্থলে করানোর ব্যবস্থা রয়েছে। কর্পস প্রতিদিন 50,000 লোককে পরীক্ষা করার লক্ষ্যমাত্রা পূরণ করেছে।

**ট্রেস**

ট্রেসিং এর লক্ষ্য হচ্ছে ঘনিষ্ঠ যোগাযোগের মাধ্যমে যারা এই রোগে আক্রান্ত হয়ে থাকতে পারেন তাদের চিহ্নিত করা এবং অন্যদের থেকে নিরাপদে আলাদা করার সর্বোত্তম জায়গা খুঁজে পেতে সাহায্য করা। কন্ট্যাক্ট ট্রেসার নামক হাজার হাজার প্রশিক্ষিত জনস্বাস্থ্য পেশাজীবীর সাহায্যে, এই প্রচেষ্টা নিউ ইয়র্কবাসীদের সমর্থন প্রদান করবে যারা COVID-19 এর পরীক্ষায় পজিটিভ হিসেবে শনাক্ত হবেন।

**যত্ন নেয়া**

কন্ট্যাক্ট ট্রেসাররা নিশ্চিত করবেন যে COVID-19 এর পরীক্ষায় যারা পজিটিভ হিসেবে শনাক্ত হয়েছেন এবং তাদের ঘনিষ্ট সংস্পর্শে যারা এসেছেন তাদের যেন হোটেলে বিনামূল্যে, বা ঘরে নিরাপদে আলাদা থাকার জন্য প্রয়োজনীয় জিনিসপত্র থাকে। হোটেলসমূহে 24/7 দক্ষ নার্স এবং ক্লিনিশিয়ান দ্বারা মনিটরিং, বিনামূল্যে ওয়্যারলেস ইন্টারনেট এক্সেস, সব বেলার খাবার সরবরাহ, মানসিক স্বাস্থ্য ও সুস্থতা সংক্রান্ত সহায়তা, ও প্রিয়জনের সাথে সংযুক্ত থাকতে বিনামূল্যে আনলিমিটেড লোকাল ফোন কলের ব্যাবস্থা থাকবে। বাড়িতে নিরাপদে পৃথক থাকতে চাওয়া নিউ ইয়র্কবাসীদের ক্ষেত্রে, পরিচর্যা (Take Care) টিম তাদেরকে খাবার এবং ওষুধ সরবরাহের ক্ষেত্রে সহায়তা করবে।



চলমান ▶

### NYC Test & Trace Corps বা COVID-19 সম্পর্কে আমার কোন প্রশ্ন থাকলে আমি কাকে ফোন করবো?

COVID-19, পরীক্ষার কেন্দ্র সম্পর্কিত তথ্য, কন্ট্যাক্ট ট্রেসিং এবং নিজের ও আপনার প্রিয়জনদের সুরক্ষার জন্য সংস্থান সম্পর্কিত প্রশ্নের জন্য, 1-212-COVID19 (1-212-268-4319) নম্বরে কল করুন। প্রতিদিন সকাল 9টা থেকে রাত 9টা অবধি আপনার প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আমাদের লাইভ অপারেটররা রয়েছেন।

### কিভাবে NYC Test & Trace Corps ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তা নিশ্চিত করে?

NYC Test & Trace Corps ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন অনুযায়ী নিউ ইয়র্কবাসীদের ব্যক্তিগত স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তা রক্ষা করার জন্য এবং এই ধরনের তথ্যের সুরক্ষার জন্য NYC Health + Hospitals ও City Health Department (নগর স্বাস্থ্য বিভাগ)-এর দীর্ঘদিনের অভিজ্ঞতাকে সমুন্নত রাখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। NYC Test & Trace Corps যে সকল তথ্য পেয়ে থাকে সেগুলো নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিধির (New York City Health Code) অধীনে গোপনীয় ও সুরক্ষিত।

NYC Test & Trace Corps কারো ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জানতে চাইবে না। কর্পসের ডাটাবেস কোনও আইন প্রয়োগকারী সংস্থার ডাটাবেসের সাথে লিঙ্ক করা হবে না। NYC Test & Trace Corps দ্বারা সংগৃহীত যে কোন তথ্য নিরাপদে সংরক্ষণ করা হবে এবং জনস্বাস্থ্য রক্ষার সীমিত উদ্দেশ্যে অনুমোদিত কর্মচারীদের দ্বারা ব্যবহার করা হবে।

### Test & Trace Corps থেকে পরিষেবা গ্রহণ করার জন্য কি কাউকে ইমিগ্রেশন আইনের অধীনে "পাবলিক চার্জ" হিসেবে বিবেচনা করা হবে?

না। পরীক্ষা করা, কন্ট্যাক্ট ট্রেসারের সঙ্গে কথা বলা, অথবা নিরাপদে আলাদা থাকার জন্য Take Care Hotel ব্যবহার করা আপনার স্থায়ী বসবাসের (গ্রীন কার্ড) জন্য আবেদন করার সক্ষমতাকে প্রভাবিত করবে না। উপরন্তু, COVID-19 সম্পর্কিত চিকিৎসা বা প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা পরিষেবাগুলি পাবলিক চার্জ আইনের অধীনে বিবেচনা করা হবে না।

### নিউ ইয়র্কবাসীদের বৈচিত্র্যময় চাহিদা বুঝতে NYC Test & Trace Corps কিভাবে কাজ করছে, বিশেষ করে এই ভাইরাস দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোর?

এই প্রচেষ্টায় যাতে বৈচিত্র্যময় শহরের প্রতিফলন ঘটে তা নিশ্চিত করতে কর্পস কাজ করছে। কমিউনিটি গ্রুপগুলো আমাদেরকে কার্যকর, সাংস্কৃতিকভাবে সংবেদনশীল পরিষেবা প্রদানে এবং COVID-19 মহামারী দ্বারা অসমানুপাতিকভাবে প্রভাবিত হওয়া কমিউনিটিগুলোর চাহিদা পূরণ করতে সাহায্য করার জন্য উপদেশ এবং সহায়তা প্রদান করে। এছাড়াও, কন্ট্যাক্ট ট্রেসাররা COVID-19 দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া NYC-এর এলাকাগুলো থেকে এসেছেন।

উপরন্তু, শহর জুড়ে এক ডজনেরও বেশি কমিউনিটি-ভিত্তিক সংস্থার সাথে অংশীদারিত্বের মাধ্যমে, নিউ ইয়র্কবাসী তাদের বাড়িতে নিরাপদে আলাদা থাকার সময় খাবার বা ওষুধ সংগ্রহের মত রসদ সংক্রান্ত যেসব সমস্যার সম্মুখীন হতে পারেন সেগুলো কাটিয়ে উঠতে সহায়তা করার জন্য NYC Test & Trace Corps রিসোর্স নেভিগেটর সরবরাহ করছে।

## পরীক্ষা

### কারা পরীক্ষা করাতে পারবেন?

সকল নিউ ইয়র্কবাসী বিনামূল্যে COVID-19 রোগ নির্ণয় পরীক্ষা এবং এন্টিবডি পরীক্ষা করাতে পারেন। কোন লক্ষণ না থাকলেও, সকল নিউ ইয়র্কবাসীর COVID-19 রোগ নির্ণয় পরীক্ষা করানো উচিত।

### নিউ ইয়র্কবাসীরা কোথায় পরীক্ষা করাতে পারেন?

শহর জুড়ে শত শত পরীক্ষা কেন্দ্র আছে, যার মধ্যে রয়েছে 30 টিরও বেশি NYC Health + Hospitals এর কেন্দ্রসমূহে, CityMD ক্লিনিকে, NYCHA বাসভবনের কাছে, পার্ক এবং বিনোদনমূলক কেন্দ্রে এবং মোবাইল টেস্টিং


চলমান ▶

ভ্যানের মাধ্যমে। আপনার কাছাকাছি জায়গায় পরীক্ষা কেন্দ্র খুজে পেতে, nyc.gov/covidtest ভিজিট করুন অথবা 1-212-COVID19 (1-212-268-4319)-এ কল করুন।

## লোকজনের কি একাধিকবার পরীক্ষা করানো উচিত?

পুনরায় পরীক্ষা করানোর জন্য বিবেচনা করা উচিত যদি আপনার আগের পরীক্ষা নেগেটিভ হয় এবং:

- আপনার এখন COVID-19 এর লক্ষণসমূহ থাকে যেমন শ্বাসকষ্ট, কাশি, জ্বর, গলা ব্যথা অথবা স্বাদ বা গন্ধের অনুভূতি হারিয়ে যায়
- আপনি বড় কোন জনসমাগমের মধ্যে সময় কাটিয়ে থাকেন
- আপনি এমন কারো সংস্পর্শে আসেন যার COVID-19 থাকতে পারে বলে আপনি মনে করেন
- আপনি নার্সিং হোম অথবা শেল্টারের মত কোন যৌথ পরিবেশে বসবাস বা কাজ করেন
- আপনি গুরুতর অসুস্থতার উচ্চ–ঝুঁকিযুক্ত কারও সাথে সময় কাটাতে যাচ্ছেন এমন হয় (উদাহরণস্বরূপ আপনি যদি এমন কোন আত্মীয়কে দেখতে যাচ্ছেন যিনি 65 বছরের বেশি বয়স্ক বা যার নির্দিষ্ট কোনো মেডিকেল অবস্থা রয়েছে যা তাকে ক্যান্সারের মত রোগের ঝুঁকিতে ফেলে)

## আমাকে কি আমার পরীক্ষার জন্য টাকা দিতে হবে?

না, অনেক পরীক্ষাকেন্দ্র বিনামূল্যে COVID-19 পরীক্ষা অফার করে। NYC Health + Hospitals এর কোন কেন্দ্রে বিনামূল্যে COVID-19 পরীক্ষা বা এন্টিবডি পরীক্ষা করানোর জন্য আপনার বিমার প্রয়োজন নেই। আপনার যদি বিমা থাকে, তাহলে আপনার বিমার তথ্য শেয়ার করা গুরুত্বপূর্ণ যাতে বিমাকারীকে বিল করা যায়। তবে, আপনাকে কোন কো–পে বা কো–ইনস্যুরেন্স পরিশোধ করতে হবে না।

## কখন এবং কিভাবে আমি আমার পরীক্ষার ফলাফল পাব?

আপনার পরীক্ষার ফলাফল 3-5 দিনের মধ্যে পাওয়া যাবে। পরীক্ষার ফলাফলের জন্য অপেক্ষার সময়কালীন, যদি আপনি COVID-19 এর উপসর্গসমূহ অনুভব করে থাকেন অথবা বিশ্বাস করেন যে আপনি COVID-19 এর সংস্পর্শে এসেছেন তাহলে আপনার নিরাপদে বাড়িতে বা হোটেলে আলাদা থাকা গুরুত্বপূর্ণ।

# ট্রেস

## ট্রেসিং কী?

ট্রেসিং, কন্ট্যাক্ট ট্রেসিং নামেও পরিচিত, এটি হলো যাদের পরীক্ষায় পজিটিভ ফলাফল এসেছে অথবা COVID-19 এর সংস্পর্শে এসেছেন তাদেরকে খুঁজে বের করা এবং নিরাপদে অন্যদের থেকে আলাদা থাকতে বলা যতদিন পর্যন্ত না তারা এই ভাইরাস আর ছড়াতে না পারেন।

## কন্ট্যাক্ট ট্রেসারের ভূমিকা কী?

যাদের পরীক্ষায় পজিটিভ ফলাফল আসে অথবা যারা COVID-19 এর সংস্পর্শে এসেছেন তাদেরকে কন্ট্যাক্ট ট্রেসার কল করে থাকেন। কন্ট্যাক্ট ট্রেসার যা করবেন:

- আপনি কেমন অনুভব করছেন তা জিজ্ঞাসা করবেন
- আপনার নিজেকে সুস্থ রাখতে এবং COVID-19 ছড়ানো এড়াতে আপনার কোনো পরিষেবা বা সহায়তার দরকার কিনা তা জিজ্ঞাসা করবেন
- আপনার কত দিন বাড়ির ভিতরে এবং অন্য লোকজনের থেকে দূরে থাকতে হবে তা ব্যাখ্যা করবেন
- আপনি যদি পরীক্ষায় পজিটিভ হয়ে থাকেন, আপনি কিভাবে সংক্রমিত হয়ে থাকতে পারেন তা নির্ধারণের জন্য আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করবেন
- আপনি যদি পরীক্ষায় পজিটিভ হয়ে থাকেন, অন্যদের মধ্যে ভাইরাস ছড়িয়ে দিতে পারতেন এমন



চলমান ▶

সময়কালীন আপনার সঙ্গে ঘনিষ্ঠ সংস্পর্শ ছিল এমন প্রত্যেকের নাম এবং তাদের সঙ্গে সংস্পর্শ সংক্রান্ত তথ্য জিজ্ঞাসা করবেন

আপনার সুস্থতা পরীক্ষা করার জন্য একজন কন্ট্যাক্ট ট্রেসার সশরীরে আপনার সাথে দেখা করতে পারেন। তারা আপনাকে তাদের পরিচয়পত্র দেখাবে, এটা প্রমাণ করতে যে তারা একজন কন্ট্যাক্ট ট্রেসার।

## NYC Test & Trace Corps কিভাবে লোকজনের তথ্য পায়?

আপনার দেহে COVID-19 ভাইরাসের অস্তিত্ব পাওয়া গেলে, NYC Test & Trace Corps এনওয়াইসি স্বাস্থ্য বিভাগ (NYC Health Department) থেকে আপনার তথ্য পেয়েছে। নিউ ইয়র্ক স্টেট আইন (New York State law) এবং নিউইয়র্ক সিটি স্বাস্থ্য বিধি (New York City Health Code) অনুযায়ী পরীক্ষার পজিটিভ ফলাফলসমূহ এনওয়াইসি স্বাস্থ্য বিভাগে (NYC Health Department) পাঠানোটা ল্যাবরেটরিগুলোর জন্য বাধ্যতামূলক। এনওয়াইসি স্বাস্থ্য বিভাগ (NYC Health Department) গোপনীয়তা আইন (privacy laws) মেনে NYC Test & Trace Corps-এর সাথে আপনার তথ্য সুরক্ষিতভাবে শেয়ার করেছে যা এই ধরনের তথ্য জনস্বাস্থ্য রক্ষায় এবং রোগের বিস্তার থামাতে ব্যবহার করার অনুমতি দেয়।

যদি আপনি COVID-19 এর সংস্পর্শে এসে থাকেন, তাহলে NYC Test & Trace Corps আপনার তথ্য পেয়েছে কারণ COVID-19 এ আক্রান্ত কেউ একজন কন্ট্যাক্ট ট্রেসারকে বলেছে যে আপনি তার ঘনিষ্ঠ সংস্পর্শে ছিলেন। একজন কন্ট্যাক্ট ট্রেসার আপনাকে বলতে পারবেন না যে কে তাকে বলেছেন যে আপনি তার ঘনিষ্ঠ সংস্পর্শে ছিলেন।

## নিউ ইয়র্কবাসীরা কিভাবে জানবে, যে ব্যক্তি কল করছে সে NYC Test & Trace Corps এর কন্ট্যাক্ট ট্রেসার কিনা?

COVID-19 ঘটানোর জন্য দায়ী ভাইরাসের জন্য পরীক্ষায় যারা পজিটিভ হয়েছেন, অথবা সংস্পর্শে এসেছেন তাদের সবাইকে কল করার জন্য NYC Test & Trace Corps এর কন্ট্যাক্ট ট্রেসাররা কাজ করছেন। আপনি যদি এদের কাছ থেকে কোনও কল পান তাহলে অনুগ্রহ করে ফোনকলটি ধরুন:

- NYC Test+Trace
- 212-540-XXXX বা 212-242-XXXX দিয়ে শুরু হওয়া ফোন নাম্বার

কন্ট্যাক্ট ট্রেসার যা কখনো করবেন না:

- আপনার নাম জানতে চাওয়া – আপনাকে কল করার সময় এটা তাদের জানা থাকবে
- আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর জিজ্ঞাসা করা
- আপনার কোনো ব্যক্তিগত আর্থিক তথ্য জিজ্ঞাসা করা
- ক্রেডিট কার্ডের তথ্য জিজ্ঞাসা করা
- আপনার ফোন, ট্যাবলেট বা কম্পিউটারের নিয়ন্ত্রণ নিতে বা সফটওয়্যার ডাউনলোড করতে বলা

একজন কন্ট্যাক্ট ট্রেসার বাড়িতে আপনার সাথে দেখা করতে পারেন, বিশেষ করে যদি তারা আপনার সাথে ফোনে যোগাযোগ করতে না পারেন। তারা আপনাকে তাদের পরিচয়পত্র দেখাবে, এটা প্রমাণ করতে যে তারা একজন কন্ট্যাক্ট ট্রেসার।

## COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ আসা কারও সাথে "ঘনিষ্ঠ সংস্পর্শ" বলতে কী বোঝায়?

ঘনিষ্ঠ সংস্পর্শ কে সংজ্ঞায়িত করা হয়েছে এভাবে:

- এমন একজনের সাথে বসবাস করা, যিনি COVID-19 এর পরীক্ষায় পজিটিভ এসেছেন
- COVID-19 এর পরীক্ষায় পজিটিভ আসা কারো সাথে চুম্বন বা যৌন মিলন করা
- COVID-19 এর পরীক্ষায় পজিটিভ আসা কোনও ব্যক্তির বাড়িতে সেবা প্রদান করা
- COVID-19 এর পরীক্ষায় পজিটিভ আসা কোনও ব্যক্তির ছয় ফুটের মধ্যে 10 মিনিট বা তার বেশী সময় ব্যয় করা



চলমান ▶

## যত্ন নেয়া

### বাড়িতে বিচ্ছিন্ন থাকা অবস্থায় নিউ ইয়র্কবাসীরা কী ধরনের সহায়তা পাবেন?

সকল নিউ ইয়র্কবাসী যারা ঘরে নিরাপদে আলাদা থাকছেন এবং তাদের স্বাস্থ্যের অবস্থা পর্যবেক্ষণ করছেন তারা তাদের কন্ট্যাক্ট ট্রেসারের কাছ থেকে দৈনিক চেক-ইন কল বা টেক্সট মেসেজ পাবেন, যিনি প্রয়োজন অনুযায়ী তাদের সুস্থতা চেক করতে সশরীরে পরিদর্শনেও আসতে পারেন। The NYC Test & Trace খাবার ও ওষুধেও অ্যাক্সেস প্রদান করবে।

### নিউ ইয়র্কবাসীরা যদি COVID-19 এর পরীক্ষায় পজিটিভ হয়ে থাকেন তাহলে কিভাবে নিরাপদে বিচ্ছিন্ন হওয়ার জন্য একটি ফ্রি হোটেল রুম অ্যাক্সেস করতে পারবেন?

আপনার প্রিয়জনদের রক্ষা করতে নিরাপদে আলাদা থাকার জন্য আপনার কোনও জায়গা না থাকলে, আপনি 14 দিন পর্যন্ত সাময়িকভাবে ও বিনামূল্যে হোটেলে থাকার যোগ্য হতে পারেন। আরও জানতে, 1-212-COVID19 (1-212-268-4319) নম্বরে কল করুন।

### একটি হোটেলে কী কী পরিষেবা পাওয়া যায়?

যেসব নিউ ইয়র্কবাসী নিরাপদে আলাদা থাকতে একটি হোটেল নির্বাচন করবেন তারা বিনামূল্যে পরিবহন সুবিধা, 24/7 দক্ষ নার্স এবং ক্লিনিশিয়ান দ্বারা সহায়তা, বিনামূল্যে খাবার, মানসিক স্বাস্থ্য ও সুস্থতা সংক্রান্ত পরিষেবার সুবিধা, ওয়্যারলেস ইন্টারনেট অ্যাক্সেস, ক্যাবল টেলিভিশন, এয়ার কন্ডিশনিং, এবং প্রিয়জনের সাথে সংযুক্ত থাকতে বিনামূল্যে আনলিমিটেড লোকাল ফোন কলের সুবিধা পাবেন। Take Care Hotels কেন্দ্রগুলিতেও COVID-19 পরীক্ষার ব্যবস্থা রয়েছে।

### স্বাস্থ্যসেবা সরবরাহকারীরা কিভাবে রোগীদের হোটেলে রেফার করতে পারেন?

শহর জুড়ে যে কোন ডাক্তার, নার্স বা চিকিৎসকের সহকারী কোনো রোগীকে হোটেলের রুমে রেফার করতে CommCareCP@nychhc.org ঠিকানায় ইমেইল করতে পারেন। আপনার যদি কোন ডাক্তার না থাকে, তাহলে আপনাকে একটা রিজার্ভেশন করতে সাহায্য করতে পারে এমন একজনের সাথে কথা বলতে আপনি NYC Test & Trace হটলাইনে কল করতে পারেন 1-212-COVID19 (1-212-268-4319) নম্বরে।

**NYC Test & Trace এর ব্যাপারে আরও তথ্যের জন্য,
1-212-COVID19 (1-212-268-4319) নম্বরে কল করুন বা
testandtrace.nyc ওয়েবসাইট ভিজিট করুন**